

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
শৃংখলা অধিশাখা
www.mohfw.gov.bd

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.০৪৬.২০১৮-১৯৮

তারিখ- ২৪.০৬.২০১৮ খ্রিঃ

বিষয়ঃ ডাঃ মোঃ জিয়াউল হক (১০৪৩৯০), রেডিওলজিষ্ট, এম আব্দুর রহিম মেডিকেল কলেজ হাসপাতাল, দিনাজপুর এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ২০১৮ মোতাবেক বিভাগীয় মামলা।


অভিযোগনামা

যেহেতু, আপনি ডাঃ মোঃ জিয়াউল হক (১০৪৩৯০), রেডিওলজিষ্ট, এম আব্দুর রহিম মেডিকেল কলেজ হাসপাতাল, দিনাজপুর গত ০১/০৯/২০১৬ খ্রিঃ হতে ৩০/০৯/২০১৬ খ্রিঃ পর্যন্ত মঞ্জুরকৃত অর্জিত ছুটি ভোগ শেষে ০১/১০/২০১৬ খ্রিঃ হতে অদ্যাবধি অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন;

যেহেতু, আপনার উল্লিখিত অনুপস্থিতি সরকারি কর্মচারী আচরণ বিধিমালার পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'পলায়ন' হিসেবে গণ্য;

এক্ষণে সেহেতু, আপনাকে ২০১৮ সালের সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) ধারা মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'পলায়ন'র দায়ে অভিযুক্ত করা হল এবং কেন আপনাকে উক্ত বিধিমালার অধীনে যথোপযুক্ত দণ্ড প্রদান করা হবে না-এ নোটিস প্রাপ্তির ১০ (দশ) কর্ম দিবসের মধ্যে এ বিষয়ে নিম্নস্বাক্ষরকারীর নিকট কারণ-দর্শানোর জন্য আপনাকে নির্দেশ প্রদান করা হল। একই সাথে আপনি ব্যক্তিগত শুনানি চান কিনা তাও জানাতে নির্দেশ প্রদান করা হল।

অভিযোগ বিবরণী এতদসঙ্গে সংযুক্ত করা হল।


(মোঃ সিরাজুদ্দীন হক খান)
সচিব

ডাঃ মোঃ জিয়াউল হক (১০৪৩৯০)


রেডিওলজিষ্ট

এম আব্দুর রহিম মেডিকেল কলেজ হাসপাতাল, দিনাজপুর
(স্থায়ী ঠিকানাঃ গ্রাম-নিমতলা, সদর, দিনাজপুর)।

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.০৪৬.২০১৮-১৯৮/৩(৫)
অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ


তারিখ- ২৪.০৬.২০১৮ খ্রিঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিসটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)
- ২। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (তথ্যটি কম্পিউটারে সংরক্ষিত রাখার জন্য)।
- ৩। পরিচালক, এম আব্দুর রহিম মেডিকেল কলেজ হাসপাতাল, দিনাজপুর
- ৪। উপপরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৫। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।


(শামীমা নাসরিন)
উপসচিব
ফোনঃ ৯৫৪৫০২৮

অভিযোগ বিবরণী

আপনি ডাঃ মোঃ জিয়াউল হক (১০৪৩৯০), রেডিওলজিষ্ট, এম আব্দুর রহিম মেডিকেল কলেজ হাসপাতাল, দিনাজপুর গত ০১/০৯/২০১৬ খ্রিঃ হতে ৩০/০৯/২০১৬ খ্রিঃ পর্যন্ত মঞ্জুরকৃত অর্জিত ছুটি ভোগ শেষে ০১/১০/২০১৬ খ্রিঃ হতে অদ্যাবধি অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন এবং আপনি কর্তৃপক্ষকে অবহিত করেননি। আপনার উল্লিখিত কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) ধারা মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'পলায়ন' হিসেবে গণ্য। আপনি উপর্যুক্ত আচরণ দ্বারা সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) ধারা মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'পলায়ন'র দায়ে অভিযুক্ত হয়েছেন।


(মোঃ সিরাজুল হক খান)
সচিব

